বিপথগামী হিন্দুধর্ম ও হিন্দুর ভবিষ্যৎ

ডঃ রাধেশ্যাম ব্রহ্মচারী

Bipathgami HinduDharma O Hindur Vobisyot
By Dr. Radhasyam Brahmachari
(Ex-Proffesor of Aplied Physics, Calcutta University)

Price : Rs. Eight only

প্রকাশক ঃ
গীতা-জ্ঞান জাগরণ মঞ্চ-এর পক্ষে
শ্রী নকুল জানা কর্তৃক
৫১এ, লেক প্লেস, কোলকাতা-২৯ হইতে প্রকাশিত।

প্রথম প্রকাশ ঃ শ্রীপঞ্চমী, ১৪১৯ (১৫ ফেব্রুয়ারী, ২০১৩)

এই লেখকের অন্যান্য বই

ইসলামী ধর্মতত্ত্ব ঃ এবার ঘরে ফেরার পালা	-	১০০.০০
মিথ্যার আবরণে দিল্লি, আগ্রা, ফতেপুর সিক্রি	-	৫০.০০
মার্কস ও মার্কসবাদীদের অজ্ঞতা	-	২৫.০০
ভারতীয় ইতিহাস শাস্ত্র ও কালক্রম	-	১২.০০
ভারতীয় ঐতিহ্য ও গান্ধীবাদী অহিংসা	-	২০.০০
পুরুষার্থ প্রসঙ্গ পাশ্চাত্য বনাম ভারতীয় ভাবধারা	-	৩৫.০০
এক নজরে ইসলাম	-	২৫.০০
ইসলামের তিন সিদ্ধান্ত	-	২.০০
অন্তিম গতি ঃ আল্লার পতিতালয়	-	১০.০০
ইসলামে নারীর স্থান ও পর্দাপ্রথা (যন্ত্রস্থ)		
इसलाम के तीन सिद्धान्त	-	১০.০০
Three Decrees of Islam	-	১০.০০
Mohandas Karamchanc Gandhi : A Mahatma or A Papatma (in press)		

যোগাযোগ : ৯৪৩৩০৩৩২৪৬, ৯৮৩৬৪৭৭৪৬৫, ৯৮৩৬০৫১৮১৬

মূল্য ঃ আট টাকা মাত্র

বিপথগামী হিন্দুধর্ম্ম ও হিন্দুর ভবিষ্যৎ

ভূমিকা

বিগত ২০০৭ সালের ৩০শে ডিসেম্বর শ্রীশ্রী সারদাদেবীর ১৫৫ তম জন্মতিথি মহাসমারোহে পালিত হল। এই উপলক্ষে প্রচারিত একটি টিভি চ্যানেলে একজন বক্তা মায়ের মহত্ব বর্ণনা করতে বলেছেন যে, তিনি এতই মহান হৃদয়ের মানুষ ছিলেন যে তিনি বলতেন, "আমি সৎ-এরও মা, আবার অসৎ-এরও মা"। অর্থাৎ একজন সৎকর্মশীল মানুষকে মা যেমনভাবে আশীর্বাদ করবেন, একজন দুষ্কৃতকারীকেও তিনি ঠিক তেমনভাবেই আশীর্বাদ করবেন, বা তার মঙ্গল কামনা করবেন। ধরা যাক একজন খুনী কাউকে খুন করে মায়ের কাছে গেল এবং যাকে খুন করা হয়েছে তার কোন আত্মীয়ও মায়ের কাছে গেল। এই পরিস্থিতিতে মা খুনীরও মঙ্গল কামনা করবেন এবং মৃত ব্যক্তির আত্মীয়েরও সমানভাবে মঙ্গল কামনা করবেন। অথবা কোন ধর্ষিতা মহিলা ও তার ধর্ষণকারী, দুজনই যদি মায়ের কাছে উপস্থিত হয় তবে মা ধর্ষিতা মহিলা ও ধর্ষণকারী, উভয়কেই একই ভাবে আশীর্বাদ করবেন। সর্বোপরি, হিন্দু হত্যাকারী কোন মুসলমান যদি মায়ের কাছে যায় তবে মা তাকেও কোল দেবেন, আদর করবেন, মঙ্গল কামনা করবেন এবং আশীর্বাদ করবেন।

এসব কথা শুনতে হয়তো কারো ভাল লাগতে পারে। কিন্তু একটু চিন্তা করলে দেখা যাবে যে, এই ধরণের আচরণ মোটেই হিন্দু ধর্ম সম্মত নয়। যদি এরকম আচরণ হিন্দুধর্ম সম্মত হোত তবে মা কালীর বলা উচিত ছিল, "আমি দেবতাদেরও মা এবং অসুরদেরও মা"। সুতরাং খড়্গ দিয়ে অসুর কেটে, তাদের কাটা মুন্ড দিয়ে মালা বানিয়ে গলায় পরে এবং অসুরের রক্ত গায়ে মেখে কালী খুবই অন্যায় কাজ করেছেন। মা দুর্গার বলা উচিত ছিল যে তিনি অসুরদেরও মা। তাই মহিষাসুরকে হত্যা করে তিনি

খুবই অন্যায় কাজ করেছেন। ভগবান বিষ্ণুর বলা উচিত ছিল যে তিনি দেবতাদেরও ভগবান এবং অসুরদেরও ভগবান। তাই তিনি হিরণ্যকশিপু, মধু-কৈটভ ইত্যাদি অসুরদের নিধন করে খুবই অন্যায় কাজ করেছেন। শ্রীরামচন্দ্রের বলা উচিত ছিল তিনি রাবণেরও ভগবান, তাই রাবণবধ করে তিনি মহা অন্যায় কাজ করেছেন। তেমনি, শ্রীকৃষ্ণেরও বলা উচিত ছিল যে তিনি পাণ্ডবদেরও ভগবান এবং কৌরবদেরও ভগবান। তাই কৌরবদের সঙ্গে যুদ্ধ করে এবং তাদের হত্যা করে তিনিও খুব অন্যায় কাজ করছেন।

আসল কথা হল, হিন্দু ধর্ম কখনও অন্যায়কারী বা দুষ্কৃতকারীকে ক্ষমা করতে বা তাকে জড়িয়ে ধরে আদর করতে বলেনি। পক্ষান্তরে অন্যায়কারী ও দুষ্কৃতকারীদের উপযুক্ত শাস্তি দেবার কথাই হিন্দু বলে এসেছে এবং বলছে। এই কারণে সমস্ত হিন্দু দেবদেবীর হাতে শোভা পাচ্ছে অস্ত্র। শ্রীরাম ধনুর্বাণধারী, শ্রীকৃষ্ণ সুদর্শনচক্রধারী, শিব ত্রিশূলধারী, মা কালী খড়্গাধারিণী এবং মা দুর্গা দশপ্রহরণধারিণী। এ ব্যাপারে বশিষ্ঠ সংহিতা বলছে,

অগ্নিদো গরদোশ্চৈব শস্ত্রপাণীর্ধনাপহঃ।
ক্ষেত্রদারাপহারী চ ষড়েতেহ্যাততায়িনঃ।। (৩/১৬)

অর্থাৎ, অগ্নিদাতা, বিষদাতা, ধারালো অস্ত্র হাতে আক্রমণকারী, ধনসম্পদ লুণ্ঠনকারী, জমি-জায়গা দখলকারী এবং ঘরের রমণীদের অপহরণকারী, এই ছয় রকমের দুষ্কৃতকারীকে আততায়ী বলতে হবে। এই আততায়ীদের সঙ্গে কেমন ব্যবহার করতে হবে সে ব্যাপারে মনুসংহিতা বলছে,

গুরুং বা বালবৃদ্ধৌ বা ব্রাহ্মণং বা বহুশ্রুতম্।
আততায়ীনমায়ান্তং হন্যাদেবাহবিচারয়ম্ ।। (৮/৩৫০)

অর্থাৎ সেই আততায়ী যদি গুরু হয়, বালক হয় বা বৃদ্ধ হয়, ব্রাহ্মণ হয় বা বহু লেখাপড়া জানা বিদ্বান ব্যক্তিও হয়, তবে সেই অগ্রসরমান আততায়ীকে কোন বিচার বিবেচনা না করে তৎক্ষণাৎ হত্যা করতে হবে। পক্ষান্তরে মা সারদা যদি বলেন যে তিনি আক্রমণকারী সেই অসৎ-এরও মা, এবং তাই তাকে আঘাত না করে রক্ষা করতে হবে, তবে তাঁর সেই আচরণ হবে হিন্দু ধর্ম ও হিন্দু শাস্ত্রের সম্পূর্ণ পরিপন্থী।

এখানে লক্ষ্য করার বিষয় হল যে, উপরিউক্ত শাস্ত্রীয় নির্দেশ হল সেই সব আততায়ীদের জন্য যারা এক জন ব্যক্তিবিশেষের ক্ষতি করতে উদ্যত। কিন্তু যে সব আততায়ী সমগ্র একটি অসহায় ও নিরপরাধ মানব গোষ্ঠীর ক্ষতি করতে উদ্যত, ভগবান শ্রীকৃষ্ণ সেই সমস্ত আততায়ীদের সমূলে বিনাশ করার নির্দেশ দিয়ে গিয়েছেন। তাই

তিনি গীতায় বলেছেন,

পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম।
ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে।। (৪/৮)

এখানে লক্ষ্য করার বিষয় হল, উপরিউক্ত শ্লোকে ভগবান শ্রীকৃষ্ণ শুধু নাশায় না বলে বিনাশায় বলেছেন। নাশ বলতে শুধু একজন ব্যক্তিকে হত্যা করা বোঝায়। কিন্তু বিনাশ বলতে সমস্ত শত্রুকে ঝাড়ে বংশে হত্যা বোঝায়। যদি সম্রাট পৃথ্বীরাজ চৌহান শ্রীকৃষ্ণের উপদেশ অনুসারে মহম্মদ ঘোরি ও তার সমস্ত বন্দী সৈন্য সামন্তকে সদলে হত্যা করতেন তবে হিন্দুজাতিকে ৮০০ বছরের লজ্জাজনক দাসত্ব করতে হোত না।

তামসিক ও ক্লীব ভক্তিবাদ

কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় হল, আজ হিন্দু জাতি হিন্দু ধর্মের প্রকৃত নির্দেশ থেকে অনেক দূরে সরে গিয়েছে। হিন্দু ধর্ম আজ সম্পূর্ণ বিপথগামী হয়ে পড়েছে। তাই হিন্দুরা আজ হিন্দু ধর্মের নামে যা অনুসরণ করে চলেছে, তাকে হিন্দু ধর্ম বললে সত্যের অপলাপ করা হয়। উপনিষদের মূল বাণীই হল, তোমার দেহ ও তোমার আত্মা পৃথক। তাই তোমার দেহ বিনাশপ্রাপ্ত হয় কিন্তু তোমার আত্মা অবিনশ্বর। তাই মৃত্যুভয় ত্যাগ কর। ভয়শূন্য বা অভীঃ হও।

কিন্তু হিন্দু ধর্মের সেই তেজবীর্যের বাণী, সেই সাহস ও বীরত্বের বাণী সম্পূর্ণ ভুলে গিয়ে হিন্দু জাতি আজ পরিণত হয়েছে এক কাপুরুষের জাতিতে। আর হিন্দু ধর্ম পরিণত হয়েছে শুধু ফুল মালা দিয়ে ঠাকুর পূজা, চিনি বাতাসা প্রসাদ ও ঠাকুরের কাছে কেঁদে কেঁদে চোখের জল ফেলার ধর্মে। আমাকে মামলায় জিতিয়ে দাও, আমার ছেলেকে চাকরি যোগাড় করে দাও, বা আমার মেয়ের জন্য ভাল পাত্র যোগাড় করে দাও—ঠাকুরের কাছে কেঁদে কেঁদে এই সব জাগতিক বিষয় প্রার্থনা করার ধর্মে।

যাঁরা কালী ভক্ত তাঁরা বিশাল বিশাল কালী মন্দির তৈরি করছেন। রোজ লাল লাল জবা ফুল দিয়ে মাকালীর বিগ্রহকে পূজা করছেন এবং বাতাসা প্রসাদ দিচ্ছেন। আর মা মা বলে কেঁদে কেঁদে চোখের জল ফেলছেন। আর ভাবছেন, এ ভাবে পূজা করলেই মা তার প্রতি সদয় হবেন। মা এমন সদয় হবেন যে, জগজ্জননী মা প্রয়োজনে তার বেড়া বাধার সময় দড়ি ফিরিয়ে দেবেন। যেন জগজ্জননীর আর কোন কাজ নেই। তাঁদের মতে এ ভাবে কেঁদে কেঁদে শ্রীরামকৃষ্ণ, শ্রীরামপ্রসাদ কালীর দেখা পেয়ে মহান হয়েছেন। কাজেই এটাই পথ। এই সব নির্বোধ ভক্তের দল মায়ের রূপটার দিকে

তাকিয়ে দেখেন না যে মা তার কাছে কি চাইছেন। মা তাকে তাঁর রূপের মধ্য দিয়ে এটাই বলতে চাইছেন যে, আমার মতই তোরা খড়্গ দিয়ে দুষ্কৃতকারীদের মাথা কাটবি, তাদের কাটা মুন্ড হাতে নিয়ে নাচবি আর তাদের রক্ত গায়ে মাখবি। মা কোথাও বলেননি যে, আমার সামনে মা মা বলে কাঁদবি আর চোখের জল ফেলবি। শ্রী শ্রী চণ্ডীতে মা বলেছেন, পশু বলি দিয়ে সেই রক্তমাখা মাংস দিয়ে আমার পূজা করবি। সেই মাকে এই নির্বোধ ভক্তের দল চিনি বাতাসা দিয়ে পূজা করে চলেছেন। মা তাদের এই পূজা গ্রহণ করেন বলে মনে হয় না।

যাঁরা রামসাধক তাঁরা রাম-সীতার মূর্তি বানিয়ে তাকে ফুল মালা দিয়ে পূজা করছেন, রাম নাম কীর্তন করছেন আর চিনি বাতাসা প্রসাদ দিচ্ছেন। এক কথায়, এই সব ভক্তের দল মাংসাহারী ক্ষত্রিয় রামকে একজন নিরামিষভোজী দেবতায় পরিণত করেছেন। আর এ ভাবে যাঁরা পূজা অর্চনা করছেন তাঁরাই বিশাল রামভক্ত হিসাবে পরিগণিত হচ্ছেন। কিন্তু তাঁরা একবারও রামের হাতের ধনুক ও পিঠের তূণীরের দিকে লক্ষ্য করছেন না। এবং সেই ধনুর্বাণ দিয়ে শ্রীরামচন্দ্র যে রাবণের মত দুষ্কৃতকারীকে সবংশে নিধন করেছিলেন তা স্মরণ করছেন না। তাই মনে প্রশ্ন জাগে, প্রকৃত রামভক্ত কে? যিনি রোজ রামের পূজা করছেন এবং সুন্দর ভাবে রামের ভজন কীর্তন করতে পারেন, তিনিই কি রামভক্ত? না, প্রকৃত রামভক্ত হলেন তিনি, যিনি রামের মতই ধনুর্বাণ ও অন্যান্য অস্ত্র চালনায় নিপুণ এবং সেই অস্ত্র দিয়ে যিনি দুষ্কৃতকারীদের হত্যা করতে নিপুণ।

শ্রীরামচন্দ্র ছিলেন ক্ষত্রিয়। যাঁরা দেশ ও জাতিকে ক্ষতের হাত থেকে রক্ষা করেন তাঁরাই হলেন ক্ষত্রিয়। মনুসংহিতা অনুসারে এই ক্ষত্রিয়দের সমস্ত রকমের পানাহার বৈধ ছিল। বাল্মীকি রামায়ণে অন্তত পনেরো জায়গায় বর্ণনা আছে যে, বনবাস কালে শ্রীরাম বন্য প্রাণী শিকার করে নিয়মিত মাংসাহার করতেন। কোথাও দেখা যাচ্ছে শ্রীরাম হরিণ বা বন্য বরাহ শিকার করে তা পুড়িয়ে স্ত্রী সীতা, বনের মুনি-ঋষিগণ ও ভাই লক্ষ্মণের সঙ্গে তা আহার করছেন। আবার কখনও দেখা যাচ্ছে যে তিনি বেশ বড় একটা গোসাপ শিকার করে তা পুড়িয়ে আহার করছেন। (এই লেখকের "শ্রীরামচন্দ্র মাংসাহারী ছিলেন—বাল্মীকি রামায়ণ" প্রবন্ধ দ্রষ্টব্য) কাজেই আজকের রামভক্তদের চিনি বাতাস তিনি গ্রহণ করেন বলে মনে হয় না। এ ব্যাপারেও কোন সন্দেহের অবকাশ নেই যে, রাম নিরামিষভোজী হলে লঙ্কা আক্রমণ করে রাবণের সঙ্গে যুদ্ধ করার পরিকল্পনা ত্যাগ করতেন। বদলে তিনি লঙ্কায় শান্তিদূত পাঠাতেন এবং শান্তিপূর্ণ উপায়ে সীতা উদ্ধারের চেষ্টা করতেন। অহিংস সত্যাগ্রহ অথবা আমরণ অনশন শুরু

করতেন। আর তা ব্যর্থ হলে সীতা উদ্ধারের চিন্তা পরিত্যাগ করতেন।

যাঁরা শ্রীকৃষ্ণের ভজনা করছেন, অর্থাৎ যাঁরা বৈষ্ণব, তাঁরা আরও এক ধাপ এগিয়ে আছেন। তাঁরা রাধাকৃষ্ণের যুগল মূর্তি তৈরি করে পূজা অর্চনা করছেন। কিন্তু যেই রাধার মূর্তি তাঁরা শ্রীকৃষ্ণের পাশে বসিয়েছেন, বাস্তবে সেই রাধার অস্তিত্বই ছিল না। একমাত্র শ্রীমদ্ভাগ্বদপুরাণে শ্রীকৃষ্ণের প্রামাণ্য জীবনী আছে, সেই ভাগ্বদপুরাণে রাধার উল্লেখ নেই। কিন্তু সেই কল্পিত রাধাকে নিয়ে চর্বিত চর্বণের শেষ নেই। রাধার মানভঞ্জন, রাধার নৌকাবিলাস ইত্যাদি রাধাকৃষ্ণের কল্পিত প্রেমলীলা নিয়ে পালা পানেরও শেষ নেই। জটিলা, কুটিলা, আয়ান ঘোষ ইত্যাদি কল্পিত চরিত্র সৃষ্টি করে কত রসাল কাহিনী, শুনলে মাথা খারাপ হবার যোগার। ব্রহ্মবৈবর্ত পুরাণে রাধাকৃষ্ণের যে রতিলীলার বর্ণনা আছে তা পর্ণোগ্রাফির পর্যায়ে পড়ে। সব থেকে ক্ষতিকর বিষয় হল, রাধাকৃষ্ণের এই সব কল্পিত প্রেম লীলার আবর্তে আসল শ্রীকৃষ্ণই কোথায় হারিয়ে গিয়েছেন। দুষ্টের দমনকারী, কংস ও জরাসন্ধের মতো অত্যাচারীদের নিধনকারী, কুরুক্ষেত্রের যুদ্ধে পাঞ্চজন্য নিনাদকারী শ্রীকৃষ্ণ হারিয়ে গিয়েছেন। জগদ্‌গুরু যোগেশ্বর শ্রীকৃষ্ণ হারিয়ে গিয়েছেন। তার জায়গায় স্থান নিয়েছে বৃন্দাবনে বংশী বাদনকারী, কল্পিত রাধার সঙ্গে প্রণয়কারী এবং ষাট হাজার গোপীনীর মনোহরণকারী এক কল্পিত কৃষ্ণ, যাঁর হাতে সুদর্শন চক্রের বদলে শোভা পাচ্ছে বাঁশের বাঁশি। রাধার পাশে সেই মুরলীধারী কৃষ্ণকে ফুল-মালা দিয়ে পূজা হচ্ছে, চিনি ও কলা বাতাসা প্রসাদ দেওয়া হচ্ছে আর নেচে নেচে হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কীর্তন হচ্ছে। আর যাঁরা এই পুজা অর্চনা করছেন, তাঁরা ভাবছেন যে, তাঁরা যা করছেন সেটাই কৃষ্ণের প্রকৃত সাধন ভজন এবং এতেই মহাপূণ্যের কাজ হচ্ছে। এই সাধানার দ্বারাই তাঁদের মোক্ষলাভ হবে। কৃষ্ণের এই সব ক্লীব ভক্তেরা ভাবছেন যে, তাঁরা যে ভজন সাধনা করছেন সেটাই ঠিক।

এই তামসিক ভক্তিবাদের মূল কথাই হল,

পিতা মাতা ভ্রাতা আর বন্ধুগণ,
সবই তোর পর, কেহ নয় আপন;
পরপ্রেমে কেন হয়ে অচেতন
ভুলিছ আপন জনে?

অর্থাৎ, এক মাত্র ভগবানই তোমার আপন, আর সবাই পর। তোমার মা, বাবা ভাই বন্ধু, সবাই পর। তাই তোমার কাজ হল এই পরের ভাল মন্দের প্রতি নজর না দিয়ে শুধু ভগবানকে ডাকা। ভাইয়ের বাড়িতে ডাকাত পড়েছে তাতে তোমার কি? তুমি ঘরে বসে ভগবানকে ডাকতে থাকো, শুধু তোমার নিজের মুক্তির কথা ভাবো। বৃথা কেন

সাংসারিক ঝামেলার মধ্যে জড়াতে যাবে? ভগবানকে ডাক, তিনিই সব ঝামেলা থেকে মুক্ত করবেন—

জয় জগদীশ হরে,

ভক্ত জনোকি সংকট ক্ষণমে দূর করে।

আর যদি দেখ যে, ভগবান তোমার সঙ্কট দূর করছেন না, তবে সে দোষ ভগবানের নয়। দোষ হল তোমার। তুমি সম্পূর্ণ মনপ্রাণ দিয়ে ডাকোনি। তুমি মনপ্রাণ দিয়ে ডাকলে ভগবান অবশ্যই তোমাকে সঙ্কট থেকে মুক্ত করতেন। অর্থাৎ তুমি সম্পূর্ণভাবে অদৃষ্টবাদী ও স্বার্থপর হও। তোমার প্রাণ রক্ষার জন্যও কোন প্রযত্ন করার দরকার নেই। ভগবানই তোমাকে রক্ষা করবেন। তা সত্ত্বেও যদি তোমার প্রাণ যায়, তবে মনে করবে তা ভগবানের ইচ্ছাতেই হয়েছে। ভগবানের ইচ্ছা ছাড়া কোন কিছুই হতে পারে না। আর সব থেকে বড় কথা হল, ভগবান যা করেন, তা ভালোর জন্যই করেন।

মুসলমানরা তোমার ঘরে ঢুকে তোমার বাবাকে হত্যা করেছে, তোমার মা ও বোনকে বলাৎকার করেছে? তাতে কি হয়েছে। তোমার মা, বাবা, ভাই বোন, সবই তো পর। তুমি পরের জন্য শোক করবে কেন? তারা নিশ্চয়ই প্রাণমন দিয়ে ভগবানকে ডাকেনি, তাই ভগবান তাদের রক্ষা করেন নি। আর তার চেয়েও বড় কথা হল, ভগবান যা করেন, তা ভালর জন্যই করেন। মুসলমানরা তোমার বাবাকে হত্যা করেছে, তোমার মা-বোনকে ধর্ষণ করেছে, তোমার সহায় সম্পত্তি লুঠ করেছে, তোমার ঘরে আগুন দিয়েছে ও তোমার জমি জায়গা সব দখল করে নিয়েছে? তারা তোমার মঙ্গলের জন্যই তা করেছে, কারণ ভগবান যা করেন মঙ্গলের জন্যই করেন। কাজেই এই রকম এক ভক্তিবাদকে চরম অদৃষ্টবাদী কাপুরুষতা ও নপুংসতার ভক্তিবাদ ছাড়া আর কি বলা যেতে পারে? সব থেকে বড় কথা হল, এই সব সাংসারিক ব্যাপারে বিচলিত হলে চলবে কেমন করে। সংসারে থাকতে গেলে এমন ঘটনা তো ঘটবেই। এই সব সাংসারিক ব্যাপার থেকে মনকে মুক্ত করে শুধু ভগবানকে ডাকতে হবে। কি করে ভবসাগর পার হবে সেই চিন্তা করতে হবে। **একমাত্র ভবসাগর পার হওয়াটাই সমস্যা, আর কোন সমস্যাই সমস্যা নয়।**

গীতা এই ক্লীব ভক্তিবাদের কথা বলে না

প্রথমেই এটা বুঝতে হবে যে, গীতায় ভগবান শ্রীকৃষ্ণ যা বলেছেন তার উদ্দেশ্য ছিল ক্লৈব্যগ্রস্থ অর্জুনকে যুদ্ধে প্রবৃত্ত করা। ঘরে বসে মালা জপতে বা খোল করতাল

নিয়ে নাচানাচি করে হরিকৃষ্ণ কীর্তন করার জন্য নয়। ভগবান শ্রীকৃষ্ণ কিন্তু এ রকমের অদৃষ্টবাদী ও নপুংসক ভক্তিবাদের কথা না বলে বলেছেন

পঞ্চৈতানি মহাবাহো কারণানি নিবোধ মে।

সাংখ্যে কৃতান্তে প্রোক্তানি সিদ্ধায়ে সর্বকর্মণাম্।। (১৮:১৩)

কোন কাজের সিদ্ধি ও অসিদ্ধির পিছনে পাঁচটি কারণের কথা সাংখ্য ও অন্যান্য শাস্ত্রে বলা হয়ে থাকে।

অধিষ্ঠানং তথা কর্তা করণঞ্চ পৃথগ্বিধম্।

বিবিধাশ্চ পৃথক চেষ্টা দৈবং চৈবাত্র পঞ্চমম্।। (১৮:১৪)

(এই পাঁচটি কারণ হল) কাজটি কোথায় করা হচ্ছে, কাজটি কে করছেন, যিনি কাজটি করছেন তাঁর কত জন সাহায্যকারী আছেন, কাজটি সুসম্পন্ন করতে তাঁরা কত ভাবে চেষ্টা করেছেন এবং শেষ ও পঞ্চম কারণটি হল দৈব।

কাজেই, গীতা অনুসারে, কোন কাজের সিদ্ধি বা অসিদ্ধির ব্যাপারে ৮০ শতাংশ নির্ভর করে মানবিক প্রচেষ্টা বা পুরুষকারের ওপর আর মাত্র ২০ শতাংশ নির্ভর করে দৈবের ওপর। কিন্তু উপরিউক্ত ক্লীব ভক্তিবাদের প্রভাবে আমরা ১০০ শতাংশই দৈবের ওপর ছেড়ে দিয়ে বসে আছি।

গীতায় শ্রীকৃষ্ণ এ রকম ক্লীব ভক্তিবাদের কথা বলেননি। তিনি বলেছেন,

তস্মাৎ সর্বেষু কালেষু মামনুস্মর যুধ্যা চ। (৮:৭)

অর্থাৎ, সর্বদা আমাকে স্মরণ কর এবং যুদ্ধ করতে প্রস্তুত থাকো। কিন্তু এইসব ক্লীব বৈষ্ণবের দল কৃষ্ণের উপদেশের শুধু প্রথম অংশটাই পালন করছেন। সর্বদা কৃষ্ণের নাম স্মরণ করছেন। কিন্তু দ্বিতীয় অংশ, অর্থাৎ যুদ্ধ করার অংশটি উপেক্ষা করছেন। তাই এ ব্যাপারে কোন সন্দেহ নেই যে, আজ যদি ভগবান শ্রীকৃষ্ণ জন্ম নিয়ে পৃথিবীতে আসতেন, তবে তিনি এ সব ক্লীবত্বের পূজার্চনা বন্ধ করে দিতেন এবং কল্পিত ও অশাস্ত্রীয় রাধাকৃষ্ণের বিগ্রহ ভেঙে ফেলতেন। সেই সঙ্গে সঙ্গে রাধাকৃষ্ণ ভজনাকারী ক্লীব ভক্তদের ভর্ৎসনা করতেন। আর নেচে নেচে হরে কৃষ্ণ কীর্তন বন্ধ করে দিতেন। এই প্রসঙ্গে বলা উচিৎ হবে যে, শ্রীশঙ্করদেব আসামে যে বৈষ্ণব ধর্ম প্রবর্তন করেছেন, তাতে রাধা অনুপস্থিৎ। সেখানকার বৈষ্ণবরা সুদর্শন চক্রধারী শ্রীকৃষ্ণের বিগ্রহকেই পূজার্চনা করেন। মনে হয় সেই কারণেই মুসলমান আক্রমণকারীরা কোন দিনও আসামে ঢুকতে পারেনি। আসামকে পরাধীন করতে পারেনি।

সেই সঙ্গে আছে নিরামিষ ভোজন বা বৈষ্ণব মানেই নিরামিষভোজী। অর্থাৎ একটা জাতিকে যত রকমভাবে নির্বীর্য করা যায় তার প্রচেষ্টা। আর এই সব নিরামিষভোজী

বৈষ্ণবের দল ভাবছেন, নিরামিষ ভোজন মানেই সাত্ত্বিক আহার এবং এই সাত্ত্বিক আহারের দ্বারা তাঁদের মোক্ষের পথ পরিষ্কার হচ্ছে। কিন্তু এই বাংলারই এক স্মার্ত পণ্ডিত বহু আগে বলে গিয়েছেন যে, যদি গঙ্গা স্নানে মোক্ষলাভ হোত, তবে গঙ্গার জলে বসবাসকারী মাছ ও অন্যান্য জলচর প্রাণী সবার আগে মুক্তি পেয়ে যেত। আর নিরামিষ খেলেই যদি মুক্তি হত তবে গরু, ছাগল ইত্যাদি তৃণভোজী প্রাণীরা সকলের আগে মোক্ষলাভ করত। গীতা হল হিন্দু ধর্মের সার। সাত্ত্বিক, রাজসিক ও তামসিক আহারের ব্যাপারে গীতা কি বলছে তা আলোচনা করা চলতে পারে। সাত্ত্বিক আহার কাকে বলে তা বোঝাতে গীতা বলছে

আয়ুঃ সত্ত্ববলারোগ্যসুখপ্রীতিবিবর্দ্ধনাঃ।
রস্যাঃ স্নিগ্ধাঃ স্থিরা হৃদ্যা আহারাঃ সাত্ত্বিকপ্রিয়াঃ।। (১৭:৮)

অর্থাৎ আয়ু, উৎসাহ, বল, রোগহীনতা, চিত্ত-প্রসন্নতা ও রুচি বর্ধনকারী রসযুক্ত, স্নিগ্ধ, সারবান এবং প্রীতিকর খাদ্য সাত্ত্বিক ব্যক্তিগণের প্রিয়। রাজসিক আহার বোঝাতে গীতা বলছে,

কটু অম্ললবণাত্যুষ্ণতীক্ষ্ণরূক্ষবিদাহিনঃ।
আহারা রাজসস্যেষ্টা দুঃখশোকাময়প্রদাঃ। (১৭:৯)

অর্থাৎ, অতি কটু, অতি অম্ল, অতি লবণাক্ত, অতি উষ্ণ, তীক্ষ্ণ বিদাহী এবং দুঃখ, শোক ও রোগ উৎপাদনকারী আহার রাজস ব্যক্তিগণের প্রিয়।

যাতযামং গতরসং পূতি পর্যুষিতঞ্চ যৎ।
উচ্ছিষ্টমপি চামেধ্যং ভোজনং তামসপ্রিয়ম্।। (১৭:১০)

অর্থাৎ, যে খাদ্য অনেক আগে রান্না করা হয়েছে, যার রস শুকিয়ে গিয়েছে, যা দুর্গন্ধযুক্ত, বাসী, উচ্ছিষ্ট ও অপবিত্র, তা তামসিক লোকদের প্রিয়।

এখানে লক্ষ্য করার বিষয় হল, এই শ্লোকগুলোতে কোথাও বলা হয়নি যে, সাত্ত্বিক আহার অবশ্যই নিরামিষ হতে হবে। এখানে শুধু খাদ্যের গুণাগুণ, তৈরি করার প্রণালী ইত্যাদির কথাই বলা হয়েছে। উপকরণের কথা বলা হয়নি। মাছ মাংসও যদি কম তেল মশলা দিয়ে রান্না করা হয় তবে গীতা অনুসারে তাও সাত্ত্বিক। কিন্তু সাত্ত্বিক আহারের নামে নিরামিষ আহার হিন্দু জাতির যে সর্বনাশ করেছে তা বলার কথা নয়। এক মাত্র স্বামী বিবেকানন্দই এই বিষয়টিকে যথোপযুক্ত গুরুত্ব সহকারে বিচার করছেন এবং অহিংসার নামে অস্ত্রত্যাগ ও নিরামিষ আহারকে হিন্দু জাতির পতন ও হাজার বছরের পরাধীনতার অন্যতম প্রধান কারণ বলে বর্ণনা করেছেন।

এটা খুবই পরিষ্কার যে, নিরামিষভোজী বড় জোর একটা হাতি হতে পারে, কিন্তু বাঘ

বা সিংহ হতে পারে না। হাতির অনেক শক্তি থাকতে পারে, কিন্তু হাতিকে কেউ পশুরাজ বলে না। সকলেই সেই সম্মান সিংহকেই দিয়ে থাকে। অতি শক্তিশালী সেই হাতীকে মাহুত লোহার অঙ্কুশ দিয়ে খোচা মারছে আর হাতী সেই মত পথ চলছে। কিন্তু কোন ব্যক্তি কোন সিংহ বা বাঘকে ওই ভাবে চালনা করতে পারবে কি?

লড়াইয়ের ময়দানে শত্রুর সঙ্গে যুদ্ধ করতে গেলে যে ক্ষীপ্রতা, সাহস ও তাৎক্ষণিক তীক্ষ্ণ উপস্থিত বুদ্ধির দরকার, তার জন্য আমিষ খাদ্য বা অ্যানিম্যাল প্রোটিন একান্তভাবে দরকার। শুধু নিরামিষ আহার করে তা জন্মায় না। এই কারণে সামরিক বাহিনীতে নিরামিষ আহারের কোন স্থান নেই। যে মাছ বা মাংস খেতে চায় না, তাকে দিনে অন্ততপক্ষে চারটি ডিম খেতে হয়। নিরামিষ খেয়ে জপের মালা হাতে জপ করা যায়, বন্দুক তরোয়াল হাতে যুদ্ধ করা যায় না।

প্রকৃত বৈষ্ণব কেমন হবেন? এ ব্যাপারে শ্রীচৈতন্যের মত হল, এক জন বৈষ্ণব হবেন।

তৃণাদণাদপি সুনীচেন তরোরিব সহিষ্ণুনা।
অমানীন মানদেন কীর্তনিয় সদা হরি।।

অর্থাৎ, সেই বৈষ্ণব হবেন তৃণের থেকেও নীচু, তরুর মত সহিষ্ণু। তিনি অমানীকেও সম্মান দেখাবেন এবং সর্বদা কৃষ্ণ-কীর্তন করবেন। কাজেই কোন মুসলমান যদি সেই বৈষ্ণবকে পা দিয়ে মাড়িয়ে যায় তবে তার উচিত হবে তৃণের মত নীচু হয়ে তা সহ্য করা। সেই মুসলমান যদি তাকে কুড়ুল দিয়ে আঘাত করে, তবে তার উচিত হবে গাছের মতই তা সহ্য করা। সেই মুসলমান যদি তার বাড়িতে আসে তবে তাকে যথাসাধ্য সম্মান দেখানো আর সব সময় কৃষ্ণ কীর্তন করা। কাজেই ক্লীবতা ও নপুংসকতার এর থেকে বড় নিদর্শন আর কি হতে পারে।

শ্রীচৈতন্য আরো বলতেন 'প্রেমানন্দে বাহু তুলে বল হরি হরি বল' এটা সহজেই অনুমান করা চলে যে, কোন ব্যক্তি যদি দুই হাত তুলে হরিনাম করতে থাকে, তাহলে সে আক্রমণকারীকে আক্রমণই বা করবে কেমন করে, আর তার আক্রমণ থেকে নিজেকে রক্ষাই বা করবে কেমন করে। তাই একজন বৈষ্ণবের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ কাজ হল ধেই ধেই করে বাহু তুলে হরি হরি বলে নৃত্য করা। প্রথমেই এটা বুঝতে হবে যে, গীতায় ভগবান শ্রীকৃষ্ণ যা বলেছেন তার উদ্দেশ্য ছিল ক্লৈব্যগ্রস্থ অর্জুনকে যুদ্ধে প্রবৃত্ত করা। ঘরে বসে মালা জপতে বা খোল করতাল নিয়ে নাচানাচি করে হরেকৃষ্ণ কীর্তন করার জন্য নয়। মুসলমানরা যখন হিন্দুদের কাটবার জন্য তরোয়ালে শান দিচ্ছে, এক দিনের মধ্যে লক্ষ হিন্দু কেটে রক্ত গঙ্গা বইয়ে দিচ্ছে, তখন আমাদের হিন্দু

ধর্মাচার্য বলছেন খোল করতাল নিয়ে নাচানাচি কর আর দুই বাহু তুলে হরেকৃষ্ণ কীর্তন কর। কারণ তাঁর উপদেশ হল—

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্তেব নাস্তেব নাস্তেব গতিরণ্যথা।।

গীতায় শ্রীকৃষ্ণ কথিত তেজবীর্যের ধর্মের কি মারাত্মক বিপথগামিতা। হিন্দু জাতিকে একটি নপুংসক জাতিতে পরিণত করার কি জঘন্য প্রচেষ্টা!

দক্ষিণেশ্বরের শ্রীরামকৃষ্ণ নাকি শ্রীরাম ও শ্রীকৃষ্ণের যুগল অবতার ছিলেন। ত্রেতার শ্রীরাম লঙ্কার দুরাচারী রাবণকে সবংশে নিধন করেছিলেন। আর দ্বাপরের শ্রীকৃষ্ণ দুরাচারী কংস, দুরাচারী জরাসন্ধ ও অন্যায়কারী কৌরবদের সবংশে নিধন করেছিলেন। কাজেই যিনি শ্রীরাম ও শ্রীকৃষ্ণ, উভয়ের যুগল অবতার হবেন তাঁর মধ্যে উভয়ের গুণই বিদ্যমান থাকার কথা। তাঁর এক হুঙ্কারে মেদিনী কেঁপে ওঠার কথা। কিন্তু যেই শ্রীরামকৃষ্ণকে এই দুই-এর অবতার বলে প্রচার করা হচ্ছে, তাঁর মধ্যে কি সেই গুণাবলী ছিল? তাঁকে দেখা যাচ্ছে দক্ষিণেশ্বরের মায়ের মূর্তির সামনে মা মা করে কাঁদছেন আর চোখের জল ফেলছেন। শ্রীরামকৃষ্ণ যেই সময় জন্মগ্রহণ করেছিলেন তখন বিদেশী দখলদার ইংরাজ শক্তি ভারত দখল করেছিল। শ্রীরাম বা শ্রীকৃষ্ণ সেই সময় জন্মগ্রহণ করলে তাঁরা কেঁদে কেঁদে চোখের জল ফেলতেন না। তাঁরা অবশ্যই দেশের মানুষকে সংগঠিত করে সেই বিদেশী দখলদারদের পিটিয়ে দেশ থেকে তাড়াবার চেষ্টা করতেন। তাই আসল সত্য হল, শ্রীরামকৃষ্ণকে শ্রীরাম ও শ্রীকৃষ্ণের যুগল অবতার বলার মধ্য দিয়ে ভারতের তেজোবীর্যের ঐতিহ্যকেই যে শুধু ভুলুণ্ঠিত করা হচ্ছে তাই নয়, শ্রীরাম ও শ্রীকৃষ্ণ, দুজনকেই অপমানিত করা হচ্ছে।

সেই রকম, নবদ্বীপের শ্রীচৈতন্য মহাপ্রভু ছিলেন নাকি শ্রীকৃষ্ণের অবতার। চৈতন্য মহাপ্রভু যখন জন্মগ্রহণ করেছিলেন তখন অত্যন্ত দুরাচারী পাষণ্ড ও অসুর প্রকৃতির বিদেশী মুসলমান আক্রমণকারীরা ভারত দখল করেছিল। সেই পাষণ্ডের দল লক্ষ লক্ষ নিরীহ হিন্দুকে হত্যা করেছিল, লক্ষ লক্ষ হিন্দু রমণীর সতীত্ব নষ্ট করছিল। স্বয়ং শ্রীকৃষ্ণ তখন জন্মগ্রহণ করলে তিনি নেচে নেচে কীর্তন করে কেঁদে কেঁদে চোখের জল ফেলে সময় নষ্ট করতেন না। সহজেই অনুমান করা চলে যে, তিনি ঐ অত্যাচারী মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতেন। অস্ত্র হাতে যুদ্ধ করে সেই অত্যাচারী মুসলমানদের তিনি যোগ্য শাস্তি দিতেন এবং তাদের সমূলে সংহার করে দেশ শত্রুমুক্ত করতেন। কাজেই শ্রীচৈতন্য মহাপ্রভুকে কৃষ্ণের অবতার বলার মধ্য দিয়ে শুধু ভগবান শ্রীকৃষ্ণের তেজোময় ও বীর্যময় ভাবমূর্তিকে ভূলুণ্ঠিত করা হচ্ছে তাই নয়, শ্রীকৃষ্ণের

অপমানও করা হচ্ছে।

গীতায় শ্রীকৃষ্ণ বলেছেন, *পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্*-সাধুজনের রক্ষা ও অসুর প্রকৃতির লোকদের নিধন করতেই তিনি পৃথিবীতে আসেন। তাই একটি অসুরও নিধন না করে চৈতন্য মহাপ্রভু কেমন করে কৃষ্ণের অবতার হয়ে গেলেন? সব থেকে বড় কথা হল, শ্রীচৈতন্য মহাপ্রভু তাঁর মা শচীদেবী, স্ত্রী বিষ্ণুপ্রিয়া এবং অন্যান্য আত্মীয় স্বজন, তাঁর ভক্তগণ ও বাংলার হিন্দু জনসাধারণকে মুসলমান শাসক সুলতান হুসেন শাহের কাছে পণবন্দী রেখে, তাদের মহা বিপদের মধ্যে ফেলে রেখে, হিন্দু রাজ্য উড়িষ্যার নিরাপদ আশ্রয়ে চলে গিয়ে নিজেকে বিপদমুক্ত করলেন। সেটা কি ন্যায় কাজ হয়েছে? অনেকের মতে পুরীতে গিয়ে শ্রীচৈতন্য তাঁর নাচানাচি, কীর্তন ও কান্নাকাটির দ্বারা সেখানকার জনসাধারণের ক্ষাত্রতেজ ও ক্ষাত্রবীর্যকে বিনষ্ট করছিলেন বলেই সেখানকার শাসকরা তাঁকে শেষ পর্যন্ত গোপনে হত্যা করেছিল।

অনেকে বলবেন যে, তাঁরা ছিলেন ভক্তিমার্গের পথিক। তাই ভগবানের নামগান করাই ছিল তাঁদের কাজ। অস্ত্র হাতে যুদ্ধ করা তাঁদের কাজ ছিল না। যদি তাই হয় তবে তাঁরা ভক্তিমার্গের সাধক ছিলেন, এটুকু বলেই ক্ষান্ত থাকা উচিত। তাঁদের কৃষ্ণের অবতার বা রামের অবতার বলার কি প্রয়োজন? শ্রীরাম ও শ্রীকৃষ্ণের তেজোবীর্যের ঐতিহ্যকে ভুলিয়ে দিয়ে দেশের মানুষকে ক্লীবত্বের পথে পরিচালিত করার কি প্রয়োজন? ঠিক একই ভাবে তামিলনাড়ুর শ্রীরামানুজাচার্যকে বলা হচ্ছে তিনি রামের ছোট ভাই লক্ষ্মণের অবতার ছিলেন। শ্রী রামানুজ ছিলেন একজন নিরামিষভোজী বৈষ্ণব এবং বিশিষ্টাদ্বৈত দর্শনের প্রণেতা। রামের মত লক্ষ্মণও ছিলেন একজন ক্ষত্রিয় যোদ্ধা। তাঁর কোন গুণই আচার্য রামানুজের মধ্যে ছিল না। অথচ আশ্চর্যের ব্যাপার হল, তাঁর নাম রামানুজ (রামের অনুজ বা রামের ছোট ভাই) ছিল বলেই তাঁকে লক্ষ্মণের অবতার বলে প্রচার করা হচ্ছে।

আমাদের ধর্মাচার্য্যদের মতে, ভগবানকে লাভ করার অনেক পথ আছে, তাদের মধ্যে ভক্তির পথ হল রাজপথ। এই ভক্তি পথের বিধি হল, সমাজ-সংসারের কথা ভুলে গিয়ে সব সময় ভগবানকে ডাকা আর তাঁর জন্য চোখের জল ফেলা। যাঁরা মাকালীর ভক্ত তাঁরা সব সময় কালীকে ডাকছেন আর চোখের জল ফেলছেন। যাঁরা কৃষ্ণভক্ত তাঁরা সব সময় শ্রীকৃষ্ণকে স্মরণ করছেন আর চোখের জল ফেলছেন। তাঁদের নীতি হল, কোন ক্ষেত্রেই শারীরিক বল প্রয়োগ করা চলবে না। সদা সর্বদা তৃণের মত নীচু হয়ে থাকতে হবে আর কেউ এক গালে চড় মারলে অন্য গালটি এগিয়ে দিতে হবে। তাঁদের মতে ভগবানের জন্য কান্নাকাটি করা না কি প্রাণায়ামের

কুম্ভকের সমান। আগেই বলা হয়েছে যে, ভগবান শ্রীকৃষ্ণ গীতায় এরকম ভক্তির কথা বলেননি। তিনি বলেছেন,

তস্মাৎ সর্বেষু কালেষু মামনুস্মর যুধ্য চ,

অর্থাৎ সব সময় আমাকে স্মরণ কর এবং যুদ্ধও করতে থাকো। কিন্তু আমাদের ভক্তিমার্গের ব্যক্তিগণ গীতার প্রথম উপদেশটিকেই শুধু গ্রহণ করেছেন এবং যুদ্ধ করার উপদেশটিকে বর্জন করেছেন। **শ্রীকৃষ্ণের উপদেশ হল, ভক্তি আর শক্তি হাত ধরাধরি করে এক সঙ্গে চলবে। কিন্তু আমাদের ধর্মগুরুরা শক্তিকে বর্জন করেছেন। এই ভাবে আজকের ভক্তিবাদ পরিণত হয়েছে অত্যন্ত তামসিক একটি ক্লীবত্ববাদে।** এবং এই ক্লীব ভক্তিবাদই যে আজকের ভারতের হিন্দুদের একটি ক্লীব জাতিতে পরিণত করেছে, তাতে কোনই সন্দেহ নেই। একজন ভক্তেরও শরীর রক্ষার প্রয়োজন আছে, সমাজ রক্ষার প্রয়োজন আছে। তাই ভগবান শ্রীকৃষ্ণ নাম স্মরণের সঙ্গে সঙ্গে যুদ্ধ করারও উপদেশ দিয়ে গিয়েছেন। তাই সত্য কথা হল, ভগবান শ্রীকৃষ্ণ সমাজ সংসারের কথা ভুলে গিয়ে ভগবানের নাম স্মরণ করতে বলেননি। কিন্তু আজকের ভক্তিবাদের পথিকদের উদ্দেশ্য হল, দেশ ও সমাজ গোল্লায় যাক। আমি সাধন ভজন করে ঈশ্বরকে লাভ করব। আমি মোক্ষ লাভ করব।

মাংসাহারী হিন্দু বীর আজ নিরামিষভোজী কাপুরুষ

এটা খুবই আশ্চর্যের ব্যাপার যে, খৃষ্টীয় চতুর্থ শতাব্দীতে গুপ্ত রাজাদের রাজত্বকালের আগে এই দেশে আজকের মত এত মন্দিরও ছিল না। এবং মন্দিরের বিগ্রহকে ফুল মালা ও প্রসাদ দিয়ে পূজার্চনা করাও ছিল না। তার থেকেও বড় কথা হল তখন আজকের মত নিরামিষাশী ভক্তের দলও ছিল না। এ ব্যাপারে মন্তব্য করতে গিয়ে ডাঃ ভীমরাও আম্বেদকর লিখছেন, "After the death of Buddha his followers starterd setting up the images of the Buddha and building stupas. The Brahmins followed it. They, in their turn, built temples and installed in them images of Shiva, Vishnu and Ram and Krishna etc.—all with the object of drawing away the crowd that was attracted by the image worship of Buddha. That is how temples and images which had no place in Brahmanism came into Hinsusim"

—অর্থাৎ বুদ্ধ মারা যাবার পর তাঁর শিষ্যরা নানা জায়গায় বুদ্ধের স্তূপ তৈরি করে তাতে বুদ্ধের মূর্তি প্রতিষ্ঠিত করল। ব্রাহ্মণরা তাদের অনুসরণ করে মন্দির তৈরি করতে শুরু করল এবং তাতে শিব, বিষ্ণু, রাম অথবা কৃষ্ণের মূর্তি স্থাপিত করল—উদ্দেশ্য ছিল বুদ্ধ মূর্তিকে পূজা করতে স্তূপে গমনকারী জনতাকে মন্দিরের প্রতি আকৃষ্ট করা। এই ভাবেই বিগ্রহ প্রতিষ্ঠিত মন্দির, আগে যার কোন অস্তিত্ব ছিল না তা হিন্দু ধর্মের অন্তর্গত হয়ে গেল। (B R Ambedkar; Writings and Speeches; Department of Education, Government of India, 1990, vol-7, p-346). এই ঐতিহাসিক পরিবর্তনের আগে হিন্দু ধর্ম ছিল যজ্ঞ ও পশুবলির ধর্ম এবং হিন্দু ছিল একটি মাংসাহারী জাতি।

তাই বুঝতে অসুবিধা হবার কথা নয় যে, গুপ্ত রাজাদের শাসনকালের আগে এই দেশের হিন্দুরা একটি মাংসাহারী জাতি ছিল। কাজেই বেদ ও উপনিষদের মন্ত্রদ্রষ্টা ঋষিগণ, অষ্টাদশ মহাপুরাণ ও ষড়দর্শনের রচয়িতা দার্শনিকগণ এবং রামায়ণ ও মহাভারতের মত মহাকাব্যের রচয়িতাগণ, সকলেই মাংসাহারী ছিলেন। এক কথায় বলতে গেলে হিন্দু ধর্মের ভিত্তি প্রস্তুতকারী আমাদের পূর্বপুরুষগণ সকলেই মাংসাহারী ছিলেন। শুধু তাই নয়, শ্রীরাম, শ্রীপরশুরাম, শ্রীকৃষ্ণের মত নেতা, ভীষ্ম, দ্রোণ, কর্ণ, অর্জুন, ভীম, সাত্যকী ও অভিমন্যুর মত বীরগণ সকলেই মাংসাহারী ছিলেন। অতি নিকট অতীতেও গুরু গোবিন্দ সিংহ, রাজা শিবাজী, রাণা প্রতাপ, রাণা সংগ্রাম সিংহ, মহারাজা রঞ্জিৎ সিংহের মত হিন্দু বীরদের সকলেই মাংসাহারী ছিলেন। এক কথায় বলতে গেলে যে সব হিন্দু বীর, যারা কখনও শত্রুর কাছে মাথা নত করেননি, বরং নিজেদের প্রাণ উৎসর্গ করেও মাতৃভূমির স্বাধীনতা রক্ষা করেছেন, হিন্দু জাতির মুখ উজ্জ্বল করেছেন, সেই সব বীর যোদ্ধাদের সকলেই মাংসাহারী ছিলেন। যুদ্ধ যাত্রা করার আগে মৃগয়া করতে যাওয়া রাজপুত রাজাদের একটি প্রথা ছিল। সেই শিকারে গিয়ে একটি বন্য বরাহ শিকার করতে পারলে তাঁরা তাকে একটি সুলক্ষণ বলে মনে করতেন। শিকার করা পশুদের মাংস দিয়ে জোর খাওয়া দাওয়া করে তাঁরা যুদ্ধে যেতেন।

কিন্তু আজকের নিরামিষভোজীর দল সেই সব সত্য ইতিহাকে বিকৃত করতে উঠে পড়ে লেগেছে। তাদের মতে সেই অনাদি কাল থেকেই হিন্দুরা নিরামিষ খেয়ে আসছে এবং তারা কোন দিনই মাংসাহারী ছিল না। বলতে গেলে এই নিরামিষভোজীর দল মুসলমানদের থেকেও বেশি গোঁড়া মনোভাবাপন্ন। হিন্দুরা যে এককালে মাংসাহারী ছিল তার সমস্ত প্রমাণাদি লোপাট করতে বা বিকৃত করতে তারা ব্যস্ত। গোরক্ষপুরে গীতাপ্রেস পরিচালনা করছে একটি অতি শক্তিশালী নিরামিষভোজী গোষ্ঠী। এই গোষ্ঠী

অন্য একরকম ছলনার আশ্রয় গ্রহণ করেছে। বাল্মীকি রামায়ণে যেই যেই শ্লোকে রাম, সীতা ও লক্ষ্মণের মাংস খাবার পরিষ্কার বর্ণনা আছে, সেই সেই শ্লোকের নীচে তারা পাদটীকা ছাপিয়ে দিয়েছেন। সেই সব পাদটীকায় বলা হচ্ছে যে, এই শ্লোকে মাংসের বদলে অমুক অমুক মূল বুঝতে হবে। কারণ রামের পক্ষে মাংস খাওয়া এক অসম্ভব ব্যাপার।

এখানে আরেকটি বিষয় লক্ষ্য করার আছে। আমাদের পুরাকালের ঋষিরা ছিলেন স্পষ্ট বক্তা। তাঁরা সত্য কথা বলতে কোন ছলনার আশ্রয় নেননি। তাঁরা লুকোবার চেষ্টা করেননি যে ধৃতরাষ্ট্র ও পাণ্ডু, এবং পরবর্তীকালে পঞ্চপাণ্ডব তাদের সমাজ স্বীকৃত পিতার পুত্র ছিলেন না। তাঁরা লুকোবার চেষ্টা করেননি যে, দশরথ রাম-লক্ষ্মণ-ভরত-শত্রুঘ্নের জন্মদাতা পিতা ছিলেন না। তাঁরা ব্যাসদেব ও কর্ণের আসল পরিচয়ও গোপন করার কোন চেষ্টা করেননি। তাই বাল্মীকিও রাম, লক্ষ্মণ ও সীতার মাংসাহারী চরিত্র গোপন করার কোন চেষ্টা করেননি। কারণ সেই সময় মাংসাহার করা ছিল প্রচলিত একটি স্বাভাবিক ব্যাপার।

